

নবম শ্রেণি ● বাংলা ● অধ্যয়নভিত্তিক প্রশ্নের উত্তর ও পরীক্ষা প্রস্তুতি

● গল্প : ‘হিমালয় দর্শন’ ● কবিতা : ‘ভাঙার গান’

★ সঠিক উত্তরটি নির্বাচন করো(MCQ) (Marks-1)

- ‘হিমালয় দর্শন’ রচনাংশটির রচয়িতা হলেন-
a. বেগম রোকেয়া b. বাণী বসু
c. নবনীতা দেবসেন d. মহাশ্বেতা দেবী
উত্তর : a. বেগম রোকেয়া
- হিমালয় রেল রোড, যেখান থেকে শুরু হয়েছে-
a. দার্জিলিং b. শিলিগুড়ি
c. কার্শিয়াং d. কালিম্পাং
উত্তর : b. শিলিগুড়ি
- “আমাদের ট্রেন অনেক আঁকাবঁকা পথ অতিক্রম করিয়া ধীরে ধীরে উপরে উঠিতে লাগিল...”-ট্রেনটি চলেছিল-
a. শিলিগুড়ির পথে
b. কার্শিয়াং-এর পথে
c. ভূটানের পথে
d. সিকিম এর পথে
উত্তর : b. কার্শিয়াং-এর পথে
- সমুদ্রপৃষ্ঠ থেকে কত উচ্চতায় উঠে শ্বেত কুজ্ঝাটিকা দেখে লেখিকার নদী বলে ভ্রম হয়েছে ?
a. ৩০০০ ফিট b. ২০০০ ফিট
c. ৪০০০ ফিট d. ৬০০০ ফিট
উত্তর : a. ৩০০০ ফিট
- হিমালয়ান রেলগাড়িতে যাওয়ার পথে প্রাকৃতিক শোভা শতগুণ বৃদ্ধি করেছে-
a. জলপ্রপাত b. চা বাগান
c. সরু রাস্তা d. নিবিড় অরণ্য
উত্তর : b. চা বাগান
- বড়ো বড়ো টেকিতরুর কথা কোন্ গ্রন্থে পড়েছিলেন লেখিকা ?
a. ভূতত্ত্ব b. মহিলা কাব্য
c. পার্বত্যবিলাস d. হিমালয় ভ্রমণ
উত্তর : a. ভূতত্ত্ব
- এদেশের জ্বীলোকেরা কী দেখলে ভয় পায় না ?
a. জ্যাক b. সাপ
c. বাঘ d. ভালুক
উত্তর : a. জ্যাক
- লেখিকার চাকরানি ছিল-
a. ভুটিয়া b. নেপালি
c. বিহারি d. অসমিয়া
উত্তর : a. ভুটিয়া
- ভুটিয়ানিরা সাত গজ লম্বা কাপড় কীসের মতো করে পরত ?
a. শাড়ি b. ঘাঘরা
c. চুড়িদার d. ধুতি

10. ‘ভাঙার গান’ কবিতাটি কাজী নজরুল ইসলামের যে কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত হয়েছে, তা হল-

- a. সর্বহারা b. ভাঙার গান
c. ছায়ানট d. সাম্যবাদী

উত্তর : b. ভাঙার গান

11. “ওই লৌহ-কপাট” -কোথাকার ?

- a. কারার b. প্রাসাদের
c. অট্টালোকের d. দেবালয়ের

উত্তর : a. কারার

12. ‘পাষণ-দেবী’-কীসের ?

- a. জমি রক্তের b. শিকল পুজার
c. দেবীর পুজার d. ঈশান পুজার

উত্তর : b. শিকল পুজার

13. “ওরে ও তরুণ ঈশান” -উদ্ধৃতাংশে সম্বোধন করা হয়েছে-

- a. শিবকে
b. ছাত্রদলকে
c. আকাশের একটি বিশেষ দিককে
d. জাগ্রত তরুণদলকে

উত্তর : d. জাগ্রত তরুণদলকে

14. “বাজা তোর প্রলয়-বিষাণ” -কে বাজাবে ?

- a. তরুণ ঈশানী b. পাগলা ভোলা
c. তরুণ ঈশান d. ভগবান

উত্তর : c. তরুণ ঈশান

15. “গাজনে বাজনা বাজা” -‘গাজন’ অনুষ্ঠিত হয়-

- a. বৈশাখ মাসে b. শ্রাবণ মাসে
c. আশ্বিন মাসে d. চৈত্র মাসে

উত্তর : d. চৈত্র মাসে

16. “ভগবান পরবে ফাঁসি?” -কে ভগবানকে ফাঁসি পরাতে চায়-

- a. শাসক b. জনগণ
c. বিপ্লবী d. তরুণ

উত্তর : a. শাসক

17. “দে রে দে প্রলয়-দোলা” -প্রলয় দোলা দেবে-

- a. পাগলা ভোলা b. নারায়ণ
c. পবন দেব d. বিষু

উত্তর : a. পাগলা ভোলা

18. “কাঁধে নে দুন্দুভি ঢাক,”- দুন্দুভি হল-

- a. বাঁশি b. দামামা
c. সিঁড়া d. সঙ্খ

উত্তর : b. দামামা

উত্তর : b. ঘাঘরা

19. ‘ভাঙার গান’ কবিতায় ‘জীবন পানে’ কাকে ডাকতে বলেছেন কবি ?

- a. ঈশানকে b. মৃত্যুকে
c. মানুষকে d. আশুনকে

উত্তর : b. মৃত্যুকে

20. ভুটিয়ানিরা নিজেদের কী বলে পরিচয় দেয় ?

- a. পাহাড়নি b. সমতলবাসী
c. নীচেকা আদিম d. অবলা

উত্তর : a. পাহাড়নি

21. ভুটিয়ানিরা সমতলবাসীদের কী বলেন ?

- a. পাহাড়নি b. নীচেকা আদিম
c. কালা আদিম d. অবলা

উত্তর : b. নীচেকা আদিম

22. “বালুকাকণা বলিলেও বড়ো বলা হয়” - “বালুকাকণা” বলতে বোঝানো হয়েছে-

- a. হিমালয় b. সমুদ্র
c. রাস্তা d. চা বাগান

উত্তর : a. হিমালয়

23. “কাটাবি কাল বসে কি ?” - কেন কবি এ কথা বলেছেন ?

- a. হৈদরী হাঁক শোনা যাচ্ছে b. ধুংস নিশান উড়ছে
c. প্রলয় বিষণ বাজছে d. কালবৈশাখী নৃত্যরত

উত্তর : d. কালবৈশাখী নৃত্যরত

24. “দেরে দেখি/ভীম কারার ওই বিত্তি নাড়ি” - “ভীম” কথার অর্থ হল-

- a. ভয়ংকর b. সুন্দর
c. স্বার্থপর d. শক্তিশালী

উত্তর : a. ভয়ংকর

❖ এক কথায় উত্তর দাও(V.A.Q.) (Marks-1)

1. “পথের দুইধারে মনোরম দৃশ্য” - মনোরম দৃশ্যটি কী ?

উত্তর : শিলিগুড়ি থেকে কার্শিয়াং যাওয়ার পথের দু-দিকে কোথাও উচ্চ পর্বতশৃঙ্গ আবার কোথাও নিবিড় অরণ্য দেখা যায়।

2. “সহসা নদী বলিয়া ভ্রম জন্মে।” - কী দেখে নদী বলে ভুল হয় ?

উত্তর : কার্শিয়াং যাত্রাকালে ৩০০০ ফিট উচ্চতা থেকে নীচের উপত্যকার সাদা কুয়াশা দেখে লেখিকার নদী বলে মনে হয়েছে।

3. “ধরণীর সীমন্তের ন্যায় দেখার” - কাকে ধরণীর সীমন্তের মতো দেখায় ?

উত্তর : দূর থেকে সারিবদ্ধ চা গাছের মধ্য দিয়ে মানুষের চলার সংকীর্ণ পথগুলিকে ‘ধরণীর সীমন্ত’ বলে মনে হয়।

4. “ইহার সৌন্দর্য বর্ণনাতীত।” - কোথা থেকে লেখিকা সেই সুন্দরকে দেখেছেন ?

❖ এক কথায় উত্তর দাও(V.S.A.) (Marks-1)

5. নির্জন বনমধ্যে লেখিকা কী দেখতে পেয়েছিলেন ?

উত্তর : ছিনে জোক দেখতে পেয়েছিলেন।

6. লেখিকা কোথায় টেকিশাকের কথা পড়েছিলেন ?

উত্তর : মহিলা নামক পত্রিকায় লেখিকা টেকিশাকের কথা পড়েছিলেন।

7. টেকিশাক কেমন প্রকৃতির বলে লেখিকা জানতেন ?

উত্তর : টেকিশাক ক্ষুদ্র গুল্ম প্রকৃতির বলেই লেখিকা জানতেন।

8. টেকিতরুর উচ্চতা কত ?

উত্তর : লেখিকা তাঁর ‘হিমালয় দর্শন’ প্রবন্ধে কার্শিয়াং-এ দেখা ২০-২৫ ফিট উঁচু টেকি গাছের কথা বলেছেন।

9. লেখিকাদের ভুটিয়া চাকরানির নাম কী ?

উত্তর : ভালু।

10. রমণীজাতি দুর্বল বলে তাঁদের আর-এক নাম কী ?

উত্তর : ‘মহিলা’ পত্রিকার সম্পাদকের লেখা অনুযায়ী রমণীজাতি দুর্বল বলে তাঁদের আর-এক নাম ‘অবলা’।

11. ভুটিয়ানিরা নিজেদের কী বলে পরিচয় দেয় ?

উত্তর : ‘পাহাড়ি’ বলে পরিচয় দেয়।

12. “ভুটিয়ানিরাও ঐ অবলা জাতির অন্তর্গত না কি ?” - কাদের ‘অবলা জাতি’ বলা হয় ?

উত্তর : মহিলাদের ‘অবলা জাতি’ বলা হয়।

13. “শিকল-পুজোর পাষণ-দেবী।” - বলতে কবি কি বুঝিয়েছেন ?

উত্তর : কবি নজরুল ইংরেজের অত্যাচারের প্রতীক কারাগারকে বুঝিয়েছেন।

14. ‘ঈশান’ শব্দের দুটি অর্থ লেখো।

উত্তর : ‘ঈশান’ শব্দের অর্থ শিব। অন্যদিকে, ‘ঈশান’ হল উত্তর-পূর্ব দিক, যা দশটি দিকের একটি।

15. “কে দেয় সাজা/মুক্ত স্বাধীন সত্যকে রে ?” - ‘মুক্ত স্বাধীন সত্য’ কী ?

উত্তর : ‘মুক্ত স্বাধীন সত্য’ হল স্বাধীনতা ভারতবাসীর জন্মগত অধিকার এবং তারা তা অর্জন করবেই।

16. “ভগবান পরবে ফাঁসি ?” - ‘ভগবান’ বলতে কবি কাকে বা কাদের বুঝিয়েছেন ?

উত্তর : এখানে ‘ভগবান’ বলতে কবি মৃত্যুঞ্জয়ী বীর বিপ্লবীদের, যারা স্বদেশের স্বাধীনতার জন্য সংগ্রাম করেছেন, তাঁদের বুঝিয়েছেন।

17. “ভগবান পরবে ফাঁসি ?” - ভগবান ফাঁসি পরবে কেন ?

উত্তর : সাম্রাজ্যবাদী শাসকদের অত্যাচারের প্রতিবাদ ও স্বাধীনতার জন্য আন্দোলনের কারণেই ‘ভগবান’ অর্থাৎ স্বাধীনতা সংগ্রামীদের ফাঁসি হয়।

18. “শিখায় এ হীন তথ্য কে রে ?” - ‘হীন তথ্য’ বলতে কী বোঝানো হয়েছে ?

উত্তর : ভগবানের মতো অমর স্বাধীনতা সংগ্রামীদের ফাঁসি দিয়ে তাঁদের স্বপ্নকে ধুংস করা যায় -এটাই হল হীন তথ্য।

উত্তর : শিলিগুড়ি থেকে কার্শিয়াং যাওয়ার পথে ট্রেন থেকে লেখিকা বেগম রোকেয়া জলপ্রপাতের বর্ণনাতীত সৌন্দর্য দেখেছেন ।

19. “একটি বড়ো ঝরনার নিকট ট্রেন থামিল ।” -ট্রেন থামার কারণ কী ?

উত্তর : লেখিকা বেগম রোকেয়া হিমালয়ান রেলের সেই ট্রেনটিতে চরে কার্শিয়াং যাচ্ছিলেন, একটি বড়ো ঝরনার কাছে জল পরিবর্তনের জন্য সেটি দাঁড়িয়েছিল ।

20. “হা হা হা পায় যে হাসি” -কবির হাসি পাওয়ার কারণ কী ?

উত্তর : কবির হাসি পাওয়ার কারণ হল অত্যাচারী ইংরেজ শাসক ভগবানতুল্য মৃত্যুঞ্জয়ী বিপ্লবীদের ফাঁসি দিতে চায় ।

21. “ওরে ও পাগলা ভোলা” -“পাগলা ভোলা” কে ?

উত্তর : “পাগলা ভোলা” বলতে আপাতভাবে শিবকে বোঝালেও এখানে কবি নজরুল দেশের তরুণ বিপ্লবী শক্তিকে বুঝিয়েছেন ।

22. “মার হাঁক হৈদরী হাঁক” -“হৈদরী হাঁক” বলতে কী বোঝানো হয়েছে ?

উত্তর : হজরত মহম্মদের জামাতা হায়দার যেমন শত্রুর উদ্দেশ্যে হাড় হিম-করা হাঁক দিতেন, তেমন হাঁককে বোঝানো হয়েছে ।

23. “কাটাবি কাল বসে কি ? ” -কখন আর বসে থাকা যায় না ?

উত্তর : যখন কালবৈশাখি নৃত্যরত অর্থাৎ ধুংসের সময় সমাগত তখন আর বসে থাকা যায় না বলে কবি মন্তব্য করেছেন ।

❖ এক কথায় উত্তর দাও(S.A.) (Marks-2)

1. “ক্রমে আমরা সমুদ্র (sea level) হইতে তিন হাজার ফিট উচ্চে উঠিয়াছি...” -বঙ্গা কোথা থেকে কোথায় যাচ্ছিলেন ? এই সময় তাঁর কী অভিজ্ঞতা হয়েছিল ?
2. “ইহার সৌন্দর্য বর্ণনাতীত ।” -কীসের কথা বলা হয়েছে ? প্রথম তাকে সামনাসামনি দেখার দৃশ্যটি উল্লেখ করো ।
3. “সকলই মনোহর ।” -“হিমালয় দর্শন” প্রবন্ধ অনুসারে মনোহর দৃশ্যের পরিচয় দেও ।
4. “বায়ু এবং মেঘের লুকোচুরি খেলা দেখিতে চমৎকার ” -এর যে বর্ণনা লেখিকা দিয়েছেন তা নিজের ভাষায় লেখ ।
5. “এখানে সবলো বালক বালিকার দলভুক্ত বলিয়া বোধ হয় ।” -কাদের দেখে কেন লেখিকার এ কথা মনে হয়েছে লেখো ।
6. “চিত্র দেখিয়া চিত্রকরের নৈপুণ্য বোঝা যায় ।” -প্রসঙ্গটি ব্যাখ্যা করো ।
7. “এরূপে উহারা অন্যান্য জাতির সহিত মিশিতেছে ।” -কাদের কীভাবে মেশার কথা বলা হয়েছে ?
8. “ওরে ও তরুণ ঈশান /বাজা তোর প্রলয়-বিষাণ” -তরুণ ঈশান কে ? সে প্রলয় বিষাণ বাজাবে কেন ?

৯. “ধুংস-নিশান,উড়ুক প্রাচীর ভেদি ।” -ধুংস নিশান ওড়াতে কবি এত উৎসাহ দিয়েছেন কেন ?

১০. “কে দেয় সাজা/মুক্ত স্বাধীন সত্যকে রে ?” -মুক্ত স্বাধীন সত্যকে কেউ সাজা দিতে পারে না কেন ?

১১. “ওরে ও তরুণ ঈশান ।” -“ঈশান” শব্দটির অর্থে লেখো । কবি এখানে কাদের “ঈশান” বলেছেন ? তাদের উদ্দেশ্যে কবি কোন্ আহ্বান জানিয়েছেন ?

১২. “গাজনের বাজনা বাজা” -“গাজনের বাজনা বাজা” কথাটির তাৎপর্য লেখো ।

১৩. “গাজনের বাজনা বাজা” -কবি কেন “গাজনের বাজনা” বাজাতে বলেছেন ?

“ভগবান পরবে ফাঁসি ?/সর্বনাশী/শিখায় এ হীন তথ্য কে রে ?” -এই অংশটি ব্যাখ্যা করো ।

❖ কমবেশি ১৫০টি শব্দে উত্তর দাও। (Marks -5)

1. “ঈশ্বরই প্রশংসার যোগ্য । তিনিই ধন্য” -কার লেখা কোন্ রচনাংশে উদ্ধৃতিটি ব্যবহৃত হয়েছে ? উদ্ধৃতির তাৎপর্য বুঝিয়ে দাও ।
2. “ওরে ও তরুণ ঈশান ।” -“ঈশান” বলেছেন ? তাদের উদ্দেশ্যে কবি কোন্ আহ্বান জানিয়েছেন ?
3. “ভাঙার গান” পাঠ্যাংশে কবির যুগচেতনা ও স্বদেশভাবনা কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করো ।
4. “ভাঙার গান” পাঠ্যাংশে কবির বিদ্রোহী মনোভাবের কী পরিচয় পাও ?
5. “ওরে ও তরুণ ঈশান ।” -“ঈশান” শব্দটির অর্থে লেখো । কবি এখানে কাদের “ঈশান” বলেছেন ? তাদের উদ্দেশ্যে কবি কোন্ আহ্বান জানিয়েছেন ?
6. “ইহারা উদরাম্রের জন্য পুরুষদের প্রত্যাশী নহে;” -“ইহারা” কারা ? উদরাম্রের জন্য পুরুষদের প্রত্যাশী না হওয়ার কারণ হিসেবে লেখিকা কোন্ দিকটির প্রতি আলোকপাত করেছেন ?
7. “সকলই মনোহর ।” -“হিমালয় দর্শন” প্রবন্ধ অনুসারে মনোহর দৃশ্যের পরিচয় দাও ।